## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

২৭ ফাল্গুন ১৪২৬

এফই সার্কুলার পত্র নং-০৮ তারিখ ঃ----------------------

১১ মার্চ ২০২০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**বিষয় ঃ বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়গণ,

"বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের নীতিমালা" বিষয়ে ০৬/০৮/২০১৯ তারিখে জারীকৃত এফই সার্কুলার নং-৩১ এর সূত্রে নিম্নোক্ত বিষয়গুলো স্পষ্টীকরণ করা হলো ঃ

ক) বাংলাদেশী শিপিং লাইন্স/ এয়ারলাইন্সের বিদেশস্থ অফিসে (বাংলাদেশ সরকার বা সরকারের মালিকানাধীন প্রতিষ্ঠান ব্যতীত) ও বিদেশী শিপিং লাইন্স/ এয়ার লাইন্সে কর্মরত বাংলাদেশী মেরিনার/ এয়ার ক্রাফট পাইলটগণের বিদেশস্থ আয় বাবদ বৈধ উপায়ে প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ সহায়তা প্রাপ্য হবেন;

খ) বিশ্বের বিভিন্ন দেশে- জাতিসংঘ বা অন্যান্য সংস্থা/ প্রতিষ্ঠান এবং বিদেশী মিশনে (বাংলাদেশ সরকার বা সরকারের মালিকানাধীন প্রতিষ্ঠান ব্যতীত) কর্মরত বাংলাদেশী কর্মকর্তাগণ বিদেশে অবস্থানকালীন অর্জিত অর্থ বৈধ উপায়ে দেশে প্রেরণ করলে উক্ত অর্থের উপর তিনি নগদ সহায়তা পাবেন।

২। এতদ্‌বিষয়ে ইতোপূর্বে ইস্যুকৃত এফই সার্কুলার নং-৩১ তারিখঃ ০৬/০৮/২০১৯ এবং উহার ধারাবাহিকতায় অত্র বিভাগের ০৭/১০/২০১৯ তারিখের পত্র নং-এফইপিডি(এলডিএ)/ ১৪৭(১)/২০১৯-৭৬০০ এবং ২০/১১/২০১৯ তারিখের এফই সার্কুলার পত্র নং-২৯ এর নির্দেশনাসমূহ যথারীতি বলবৎ থাকবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মাদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩